

সরকারি প্রধান শিক্ষক হলেন এনসিপি নেতা

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১৫ জুলাই ২০২৫, ১২:১৯



জাতীয় নাগরিক পার্টি- এনসিপি		
কেন্দ্রীয় আদায়ক কমিটি		
(অস্থায়ী কার্যালয়: রূপালী গ্রীড সেন্টার, বাগদাট্টা, ঢাকা)		
স্মারক: এনসিপি/কেন্দ্র/স.স.ক./২০২৫-২০২৬/২০৬		তারিখ: ১২ জুলাই, ২০২৫ ইং
মোহনগঞ্জ উপজেলা (নেত্রকোনা) সমন্বয় কমিটি		
অন্যায়ী তিন (০৩) মাস অর্থের আদায়ক কমিটি শঠনের পূর্ব পর্যন্ত নিম্নলিখিত কর্মী অনুমোদন করা হলো:		
প্রধান সমন্বয়কারী:	রফিকুল ইসলাম ভূট	০১৯২৮-৭১০৫৫০
মুখ্য সমন্বয়কারী:	মো: মনির হোসেন	০১৭৮৮-১০৫৮৩৮
	আব্দুল হান্নান আকন্দ	০১৯০৯-৮৩১৪৮৮
	জিয়াউর রহমান (আরাধি)	০১৩০২-৫৩৬২৪০
	শাহীম খান	০১৭১১-২৪১১৬৩
	ফরিদাশ আফরিন প্রীতম	০১৮৫৫-২৬৫৫৭০
সদস্য:	এম এ হান্নান	০১৩০৫-০৮৫০২২
	আহমেদ মাসুম	০৪৮ ৭২৯ ৪৩১১৪৯
	মোঃ রাসেল খান	০১৭৮২-০০৫০০০
	মোহাম্মদুর রহমান মাহদিন	০১৭৩৮-৯০১২৬৫
	মোঃ সোহাগ মিয়া	০১৩১৫-০০৮৬৮৭
সদস্য:	মোঃ পরিচুল ইসলাম	০১৭১২-০৫৭৬৬৮
	মোঃ সেদিক হোসেন	০১৭৭০-৭৬৩০০০
	ইসহাক আহমেদ	০১৭৫৬-৮৬৪৬৮৩
	শাহরিয়ার রহমান মাকফ	০১৩১৫-০১৫২৪৯
	ডাঃ ইমরান হোসেন	০১৯১১-৯২৮৪৬১
সদস্য:	মোশারফ হোসেন দি	০১৬৪২-৪৩২৯৮১
স্বাক্ষর: ১২/০৭/২৫		
আব্দুল হান্নান আকন্দ		
মুখ্য সমন্বয়কারী		
জাতীয় নাগরিক পার্টি - এনসিপি		
স্বাক্ষর: ১২/০৭/২৫		
সহকারী প্রধান		
মুখ্য সমন্বয়কারী (নেত্রকোনা)		
জাতীয় নাগরিক পার্টি - এনসিপি		

ছবি: সংগৃহীত

গত ১২ জুলাই জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় মুখ্যসচিব (উত্তরাঞ্চল) সারজিস আলম এবং সদস্যসচিব আখতার হোসেন স্বাক্ষরিত নেত্রকোনার মোহনগঞ্জ উপজেলা কমিটি ঘোষণা করা হয়। এই কমিটিতে সরকারি চাকরিবিধি লঙ্ঘন করে পদ নিয়েছেন উপজেলার এক প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

রফিকুল ইসলাম শুভকে প্রধান সমন্বয়কারী এবং মো. আব্দুল হান্নান আকন্দকে যুগ্ম সমন্বয়কারী করে ১৭ জনের কমিটি ঘোষণা করা হয়।

পদ পাওয়া মো. আব্দুল হান্নান আকন্দ উপজেলার ৬নং ইউনিয়নের ছয়াশি আহমদ হোসেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন।

সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা-১৯৭৯ এর ২৫(১) ধারায় স্পষ্টভাবে বলা আছে, কোনো সরকারি কর্মকর্তা-কর্মচারী কোনো রাজনৈতিক দল বা তার অঙ্গসংগঠনের সদস্য হতে পারবেন না এবং কোনো রাজনৈতিক কর্মকাণ্ডে অংশ নিতে পারবেন না। একই ধারার ২৫(৩) উপধারায় বলা আছে, কোনো সরকারি কর্মচারী নির্বাচন উপলক্ষে কোনো ধরনের প্রচারণায়ও অংশ নিতে পারবেন না।

এ বিষয়ে এনসিপির মোহনগঞ্জ উপজেলার প্রধান সমন্বয়কারী রফিকুল ইসলাম শুভ বলেন, ‘সরকারি কোনো কর্মচারীর কমিটিতে থাকা ঠিক না। তবে আমাদের কমিটিতে আব্দুল হান্নান আকন্দ নামে একজন আছেন। তিনি সরকারি চাকরি করেন কি না, তা আমি নিশ্চিত না। আপনারা সরাসরি ওনার সঙ্গে কথা বলুন।’

এ বিষয়ে জানতে চাইলে স্কুলশিক্ষক আব্দুল হান্নান আকন্দ দাবি করেন, ‘এটা মূল কমিটি নয়। উপকমিটিতে সরকারি যে কোনো কর্মচারী থাকতে পারে। এখানে কোনো সমস্যা নেই।’

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আবুল হোসেন আকন্দ বলেন, ‘সরকারি বিদ্যালয়ের কোনো শিক্ষকই রাজনৈতিক দলের সদস্য হতে পারেন না। বিষয়টি আমরা খতিয়ে দেখছি।’

ইত্তেফাক/এনএন